



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৩

আগামীকাল রাজশাহী আসছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী

রাজশাহী; ২৬ শ্রাবণ (১০ আগস্ট):

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি দুই দিনের সরকারি সফরে আগামীকাল বৃহস্পতিবার (১১ আগস্ট) রাজশাহী আসবেন। বিকাল সোয়া ছয়টায় তিনি বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

১২ আগস্ট শুক্রবার সকাল দশটায় মন্ত্রী মোহনপুর সরকারি হাইস্কুল প্রাঙ্গণে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এদিন সন্ধ্যা পৌনে সাতটায় মন্ত্রী ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ছেড়ে যাবেন।##

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২২/১৭:৩০ ঘ.